# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১১. ধর্ষণীয় বিবাহের নানারূপ / ৮. ১. ১১. ১. পরিবার হত্যা করে কুমারী কন্যাদেরকে স্ত্রী বানানো

৮. ১. ১১. ধর্ষণীয় বিবাহের নানারূপ

বাইবেলের অনুবাদে ধর্ষণ করাকে অনেক সময় ‘স্ত্রী হিসেবে গ্রহণ করা’ বলা হয়েছে। বাংলায় সাধারণত ‘বিবাহ করা’ বলে অনুবাদ করা হয়েছে। তবে ‘স্ত্রী গ্রহণ করার’ অর্থ সামাজিক বা ধর্মীয়ভাবে বিয়ে করে স্ত্রী বানানো নয়; বরং বিবাহ ছাড়াই স্ত্রী বানানো। অর্থাৎ পুরুষ কর্তৃক কোনো মহিলাকে জোরপূর্বক বা একতরফা ভাবে স্ত্রী হিসেবে গ্রহণ বা ব্যবহার করা। নিম্নের কয়েকটা নমুনা দেখুন:

৮. ১. ১১. ১. পরিবার হত্যা করে কুমারী কন্যাদেরকে স্ত্রী বানানো

(ক) বনি-ইসরাইলদের বার গোষ্ঠীর একটা বিনইয়ামীন গোষ্ঠী। এগার গোষ্ঠীর মানুষেরা কসম খেলেন যে, তারা বিনইয়ামীন গোষ্ঠীর কারো সাথে তাদের কারো কোনো মেয়ে বিয়ে দেবেন না। এ কসমের কারণে তারা সবাই চিন্তিত হয়ে পড়ল; কারণ অন্য এগার গোষ্ঠীর মেয়ে না পেলে বিনইয়ামীন গোষ্ঠীর পুরুষদের বিবাহ হবে না এবং গোষ্ঠীটা ধ্বংস হয়ে যাবে। বিনইয়ামীন গোষ্ঠীর বংশ রক্ষার জন্য বনি-ইসরাইলরা কয়েক হাজার মানুষ মেরে তাদের কুমারী মেয়েদের লুট করে ‘বিবাহের’ ব্যবস্থা করেন। (কাজীগণ/ বিচারকর্তৃগণ ২১/১-৯)

আমরা পরবর্তী অধ্যায়ে এ বিষয়ক বাইবেলীয় বর্ণনা বিস্তারিত দেখব। এখানে স্ত্রী গ্রহণ বিষয়ক বক্তব্য দেখুন: ‘‘কাজেই তারা তাদের শক্তিশালী যোদ্ধাদের মধ্য থেকে বারো হাজার লোককে পাঠিয়ে দিল যেন তারা যাবেশ-গিলিয়দে গিয়ে ছোট ছেলেমেয়ে ও স্ত্রীলোককে সুদ্ধ সেখানকার সব লোকদের হত্যা করে। ... সেই যোদ্ধারা যাবেশ-গিলিয়দের বাসিন্দাদের মধ্যে চারশো যুবতী অবিবাহিতা মেয়ে পেল; তারা সেই মেয়েদের কেনান দেশের শীলোর ছাউনিতে নিয়ে গেল। ... বিনইয়ামীনীয়রা ফিরে আসল। যাবেশ-গিলিয়দের বাঁচিয়ে রাখা মেয়েদের সংগে তাদের বিয়ে দেওয়া হল, কিন্তু কুমারী মেয়েরা সংখ্যায় কম পড়ে গেল। ... বনি-ইসরাইলদের মধ্য থেকে যাতে এক গোষ্ঠী মুছে না যায় সেজন্য বিনইয়ামীনীয়দের বংশ রক্ষা করতে হবে। ... আমাদের মেয়েদের তো তাদের সংগে বিয়ে দিতে পারি না, কারণ আমরা কসম খেয়ে বলেছি যে, কেউ যদি কোন বিনইয়ামীনীয়কে মেয়ে দেয় তবে তাকে বদদোয়া দেওয়া হবে। তারপর তারা বলল, ‘প্রতিবছর শীলোতে মাবুদের উদ্দেশ্যে একটা ঈদ হয়।’ ... তারা বিনইয়ামীনীয়দের এই পরামর্শ দিল, ‘তোমরা গিয়ে শীলোর আংগুর ক্ষেতে লুকিয়ে থাক এবং নজর রাখ। যখন সেখানকার মেয়েরা নাচে যোগ দেবার জন্য বেরিয়ে আসবে তখন তোমরা প্রত্যেকে আংগুর ক্ষেত থেকে ছুটে বেরিয়ে গিয়ে তাদের মধ্যে থেকে যাকে ইচ্ছা তাকে ধরে নিয়ে বিনইয়ামীন এলাকায় চলে যাবে। ... বিনইয়ামীনীয়রা তা-ই করল। মেয়েরা যখন নাচছিল তখন তারা প্রত্যেকে বিয়ে করবার জন্য একজন করে মেয়ে ধরে নিয়ে গেল। তারপর তারা তাদের নিজেদের জায়গায় ফিরে গিয়ে শহর ও গ্রামগুলোর ঘরবাড়ি আবার তৈরী করে নিয়ে সেখানে বাস করতে লাগল। (কাজীগণ/ বিচারকর্তৃগণ ২১/১০-২৪)

সম্মানিত পাঠক, এ বাইবেলীয় বিবাহ-ব্যবস্থা অনুধাবন করুন:

(১) বাইবেলের শিক্ষা অনুসারে কসম ভাঙা পাপ। তবে হাজার হাজার মানুষ খুন করা ও শত শত নারীকে জোরপূর্বক বিবাহ বা স্থায়ীভাবে ধর্ষণ অনুমোদিত।

(২) বাইবেলের বর্ণনায় এরূপ বিবাহ বা ধর্ষণের জন্য অবশ্যই কুমারী মেয়ে বাছাই করতে হবে। বিবাহিত বা অ-কুমারী মেয়েদেরকে বিবাহ বা ধর্ষণ করা যাবে না; বরং তাদেরকে হত্যা করা বাইবেল নির্দেশিত কর্ম।

(৩) বাইবেল নির্দেশিত এ ধর্ষণের জন্য শিশুদেরকে হত্যা করা জরুরি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14439

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন